

বিমানের ফ্লাইটে পাওয়ার ব্যাংক ব্যবহার নিষিদ্ধ

- A Monitor Desk Report

Date: 20 March, 2025



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স তাদের ফ্লাইটগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে নতুন নির্দেশনা জারি করেছে।

এয়ারলাইন্সটি জানিয়েছে, ভ্রমণের সময় যাত্রীরা উড়োজাহাজের অনবোর্ড ইউএসবি পোর্ট ব্যবহার করে পাওয়ার ব্যাংক চার্জ করতে পারবেন না, পাশাপাশি ব্যক্তিগত ডিভাইস চার্জের জন্য পাওয়ার ব্যাংক ব্যবহার করাও নিষিদ্ধ।

বিমানের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আন্তর্জাতিক বিমান পরিবহন সংস্থা (আয়াটা)-এর 'বিপজ্জনক পণ্যবাহী নীতিমালা' অনুযায়ী লিথিয়াম ব্যাটারি চালিত পাওয়ার ব্যাংকগুলো বিশেষভাবে সংবেদনশীল, যা নিরাপত্তার ঝুঁকি তৈরি করতে পারে। এ কারণেই বিমানে এটির ব্যবহার সীমিত করা হয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পক্ষ থেকে জানানো হয়েছে, নিরাপত্তাই তাদের সর্বোচ্চ অগ্রাধিকার। যাত্রীদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে তারা প্রতিশ্রুতিবদ্ধ। তাই এই নীতিমালা বাস্তবায়নে সব যাত্রীর সহযোগিতা কামনা করা হয়েছে।

এয়ারলাইন্সটি যাত্রীদের অনুরোধ করেছে, তারা যেন উড়োজাহাজে ওঠার আগে এই নীতিমালা সম্পর্কে সচেতন থাকেন এবং নির্ধারিত বিধিনিষেধ মেনে চলেন।

উল্লেখ্য, বিমানের মতোই আরও কিছু আন্তর্জাতিক এয়ারলাইন্স এই বিধিনিষেধ কার্যকর করছে। থাই এয়ারওয়েজ ১৫ মার্চ থেকে একই সিদ্ধান্ত কার্যকর করেছে, আর সিঙ্গাপুর এয়ারলাইন্স এটি ১ এপ্রিল থেকে বাস্তবায়ন করবে। নিরাপত্তাজনিত ঝুঁকি কমাতে বিশ্বের বিভিন্ন এয়ারলাইন্স লিথিয়াম ব্যাটারি সংক্রান্ত কঠোর নীতি অনুসরণ করছে।

-B

